

২৮.মানবতার গান

আত্মপোলন্ধির মাধ্যমে গাও সকলে জীবনের জয়গান

নহে কেহ বড়, কেহ ছোট, জাতি, ধর্ম, বর্ণ বিভেদ

সকলেই হই একসমান।

‘আমি’ বড়ই কঠিন প্রত্যয় তাকে জান

সকলের তরে কাজ করো মানবতা মান।

পীড়ন করিলে পীড়ন মিলে দুঃখ কভু যায় না

জানিও দুঃখ ছেড়ে সুখ কভু কারো জীবনে আসে না।

প্রেরণার পথে বিকশিত হয়ে হও সকলে আগুয়ান

আদেশ নহে, অন্যপ্রেরণার দীপ্ত পথে সকলে গাহ গান।

মানব ধর্ম তাহা যাহা সকলের চির কল্যানকর

সৃষ্টির সেরা মানুষ সবাই একে অপরের আপন নহে কেহ পর।